

শিকল-পরার গান

কাজী নজরুল ইসলাম



| | |
|-------|---|
| এই | শিকল-পরা ছল মোদের এ শিকল-পরা ছল। |
| এই | শিকল পরেই শিকল তোদের কর্ব রে বিকল॥ |
| তোদের | বন্ধ কারায় আসা মোদের বন্দী হতে নয়, |
| ওরে | ক্ষয় করতে আসা মোদের সবার বাঁধন-ভয়। |
| এই | বাঁধন প'রেই বাঁধন-ভয়কে করবো মোরা জয়, |
| এই | শিকল-বাঁধা পা নয় এ শিকল-ভাঙা কল॥ |
| তোমার | বন্ধ ঘরের বন্ধনীতে করছ বিশ্ব গ্রাস, |
| আর | আস দেখিয়েই করবে ভাবছো বিধির শক্তি হ্রাস॥ |
| সেই | ভয়-দেখানো ভূতের মোরা করব সর্বনাশ, |
| এবার | আন্বো মাতৈঃ-বিজয়-মন্ত্র বল-হীনের বল॥ |
| তোমরা | ভয় দেখিয়ে করছ শাসন, জয় দেখিয়ে নয়; |
| সেই | ভয়ের টুটিই ধর্ব টিপে, কর্ব তারে লয়। |
| মোরা | আপনি ম'রে মরার দেশে আন্ব বরাভয়, |
| মোরা | ফাঁসি প'রে আন্ব হাসি মৃত্যু-জয়ের ফল॥ |
| ওরে | ক্রন্দন নয় বন্ধন এই শিকল-বাঞ্চনা, |
| এ যে | মুক্তি-পথের অগ্রদূতের চরণ-বন্দনা! |
| এই | লাঞ্জিতেরাই অত্যাচারকে হান্ছে লাঞ্জনা, |
| মোদের | অঙ্গি দিয়েই জ্বল্বে দেশে আবার বজ্রানল॥ |

সৌজন্যঃ

নজরুল রচনাবলী, ১ম খন্ড / ঢাকাঃ বাংলা একাডেমী, ১৯৯৬; পৃঃ ১১১-১১২।